

অদ্য ধার্য তারিখ নহে। বাদীপক্ষ একখানা দরখাস্ত দাখিল করিয়া নথি উপস্থাপনের নিবেদন করেন।

নথি উপস্থাপনের দরখাস্ত মঞ্জুর।

বাদীপক্ষের বিজ্ঞ কোসুলি দেওয়ানী কার্যবিধি আইন এর আদেশ -৩৯ বিধি ১/২ তৎসঙ্গে পঠিত ১৫১ ধারা অনুযায়ী ১ নং বিবাদী প্রতিপক্ষের বিরুদ্ধে অস্থায়ী নিষেধাজ্ঞার প্রার্থনায় আনীত দরখাস্ত অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ বিবেচনায় শুনানীর নিবেদন করেন।

অতপর নথি নিষেধাজ্ঞা দরখাস্ত শুনানীর জন্য নেওয়া হলো।

নিষেধাজ্ঞা বিষয়ে বাদীপক্ষের নিয়োজিত আইনজীবীর বক্তব্য শ্রবন করলাম। আরজি, নিষেধাজ্ঞা দরখাস্ত, অন্যান্য বিষয়াদি সহ ফিরিষ্টি সহযোগে দাখিলী দালিলাদি ও নথি পর্যালোচনা করলাম।

প্রতীয়মান হয় যে, বাদীপক্ষ ঘোষনামূলক ডিঙ্গীর প্রার্থনায় অত্র মামলা আনয়ন করেছেন। মামলাটি বর্তমানে বিবাদীপক্ষের বর্ণনা দাখিল পর্যায়ে আছে। দরখাস্তকারীপক্ষের অভিযোগ মতে, ১ নং বিবাদী প্রতিপক্ষ নালিশী ভূমিতে বাদীপক্ষের স্বতু স্বার্থ অঙ্গীকার পূর্বক তাদের শাস্তিপূর্ণ ভোগদখলে বাধা সৃষ্টি করছে এবং জোর পূর্বক বেদখলের চেষ্টা করছে। এছাড়া নালিশী ভূমিতে প্রবেশ করে উহার প্রকৃতি পরিবর্তনের পায়তারা করছে। তদপ্রেক্ষিতে বাদীপক্ষ অত্র অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্ত আনয়ন করেছেন।

বাদীপক্ষের দাখিলী অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্ত, তৎসমর্থিত হলফনামা, দাখিলীয় কাগজাদি ও নথি পর্যালোচনায় অত্র আদালত এই মর্মে সন্তুষ্ট হয়েছে যে, বাদীপক্ষ তাহার পক্ষে প্রাইমা ফেসী কেস প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছে এবং বাদী দরখাস্তে যে আশংকা ব্যক্ত করেছেন উহা বিদ্যমান রয়েছে। যদি ১ নং বিবাদী প্রতিপক্ষ দরখাস্তে বর্ণিত অবৈধ কার্যাদি হাসিল করিতে সমর্থ হয় তাহালে উভয়পক্ষের মধ্যে একাধিক মামলা মোকদ্দমা উভেরে সমৃহ সম্ভবনা রয়েছে এবং ইহাতে বাদীপক্ষ অপূরণীয় ক্ষতির সম্মুখীন হবে।

এমতাবস্থায়, ১ নং বিবাদী প্রতিপক্ষ কে অস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ দ্বারা কেন ”নালিশী ভূমিতে বাদীপক্ষের শাস্তিপূর্ণ ভোগ দখলে বাধা প্রদান করা হতে বিরত রাখা ; নালিশী ভূমি হতে বাদীপক্ষকে জোর পূর্বক বেদখল করা এবং নালিশী ভূমির আকার ও প্রকৃতি পরিবর্তন করা হতে নিবৃত করা হইবে না” তৎমর্মে নোটিশ প্রাপ্তির ১৫ দিবসের মধ্যে কারন দর্শানোর নির্দেশ প্রদান করা হইল।

দরখাস্তকারী- বাদীপক্ষকে ০৫ দিবসের মধ্যে রিকুইজিট দাখিল করতে বলা হইল। ব্যর্থতায় অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্ত নামঞ্জুর মর্মে গণ্য হইবে।

আগামী /০৬/২০২২ ইং তারিখ নোটিশ জারি অন্তে ফেরত ও পরবর্তী আদেশ।